গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল ,খুলনা-৯০০০।

নথি নং-স্টাফ-এ/এ এ/নিয়োগ সরাসরি-২০১৮/কন

তারিখ,খুলনাঃ ২০/০৬/২০২১খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় , ডাক ও টেলিযোগাযোগ বিভাগ , ডাক-১ , বাংলাদেশ সচিবালয় , ঢাকা এর স্মারক নং- ১৪.০০.০০০০.০০৬.১১.০৩০.১৮.১৬৬ তাং ০৯/০৯/২০১৮ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী পোস্টমাস্টার জেনারেল , দক্ষিণাঞ্চল , খুলনার অধীনস্থ বিভিন্ন অফিসের শূন্য পদ সমূহে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে **http://pmgsck.teletalk.com.bd** ওয়েব সাইটে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | পদের নাম এবং জাতীয় বেতনস্কেলে-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | মেইল গার্ড<br>গ্রেড-১৭<br>( ৯০০০-২১৮০০) | ১২ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উত্তীর্ণ। | *খুলনা,বাগেরহাট এবং কুষ্টিয়া ব্যতীত খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, গোপালগঞ্জ , মাদারীপুর ও শরীয়তপুর জেলা।<br>*পাবনা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।<br>*দিনাজপুর ব্যতীত রংপুর বিভাগের সকল জেলা । |
| ২ | ওয়ারম্যান<br>গ্রেড-১৯<br>( ৮৫০০-২০৫৭০) | ১ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) কোন স্বীকৃত বোর্ড/ইনসটিটিউট/প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেড কোর্সে বি/সি ক্যাটাগরি লাইসেন্সধারী। | *খুলনা বিভাগের সকল জেলা।<br>*বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |
| ৩ | আর্মড গার্ড<br>গ্রেড-১৯<br>( ৮৫০০-২০৫৭০) | ১ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। | * খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |
| ৪ | প্যাকার<br>গ্রেড-১৯<br>( ৮৫০০-২০৫৭০) | ৪ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>এবং<br>খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে । | *খুলনা বিভাগের সকল জেলা।<br>*বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |
| ৫ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ১১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | * খুলনা,বাগেরহাট এবং কুষ্টিয়া ব্যতীত খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল বিভাগের সকল জেলা ।<br>* ফরিদপুর,গোপালগঞ্জ,মাদারীপুর ও শরীয়তপুর জেলা।<br>* পাবনা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।<br>* দিনাজপুর ব্যতীত রংপুর বিভাগের সকল জেলা । |
| ৬ | এ্যাটেনডেন্ট<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ১ | ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে । | * খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |
| ৭ | রানার<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ৪ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>এবং<br>খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে । | * খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর ,মাদারীপুর , শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ৬ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>এবং<br>খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা,বাগেরহাট এবং কুষ্টিয়া ব্যতীত খুলনা বিভাগের সকল জেলা<br>* বরিশাল বিভাগের সকল জেলা ।<br>* ফরিদপুর,গোপালগঞ্জ,মাদারীপুর ও শরীয়তপুর জেলা।<br>* পাবনা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।<br>* দিনাজপুর ব্যতীত রংপুর বিভাগের সকল জেলা । |
| ৯ | গার্ডেনার (মালী)<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ১ | ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বাগান পরিচর্যার অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা। |
| ১০ | পরিচ্ছন্নতা কর্মী<br>(সুইপার)<br>গ্রেড-২০<br>( ৮২৫০-২০০১০) | ৫ | ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। | * খুলনা বিভাগের সকল জেলা।<br>* বরিশাল ,ঝালকাঠি ব্যতীত বরিশাল বিভাগের সকল জেলা।<br>* ফরিদপুর ,মাদারীপুর , শরীয়তপুর এবং রাজবাড়ী জেলা। |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

ক) প্যাকার পদে ডাক বিভাগীয় প্রশাসনাধীন ইউনিটের খুলনা বিভাগ , বরিশাল বিভাগ এবং খুলনা জিপিও ইউনিটে মামলা চলমান থাকায় ছাড়পত্র প্রাপ্ত ১১ টি পদ নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত করা হয়নি।

খ) অফিস সহায়ক পদে ডাক বিভাগীয় প্রশাসনাধীন ইউনিটের কুষ্টিয়া বিভাগ এবং বরিশাল বিভাগীয় ইউনিটে মামলা চলমান থাকায় ছাড়পত্র প্রাপ্ত ০৫ টি পদ নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত করা হয়নি।

গ) নিরাপত্তা প্রহরী পদে ডাক বিভাগীয় প্রশাসনাধীন ইউনিটের কুষ্টিয়া বিভাগীয় ইউনিটে মামলা চলমান থাকায় ছাড়পত্র প্রাপ্ত ০১ টি পদ নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত করা হয়নি।

ঘ) রানার পদে ডাক বিভাগীয় প্রশাসনাধীন ইউনিটের খুলনা বিভাগ, যশোর বিভাগ , কুষ্টিয়া বিভাগ এবং বরিশাল বিভাগীয় ইউনিটে মামলা চলমান থাকায় ছাড়পত্র প্রাপ্ত ৩৪ টি পদ নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত করা হয়নি।

ঙ) পরিচ্ছন্নতাকর্মী পদে ডাক বিভাগীয় প্রশাসনাধীন ইউনিটের যশোর বিভাগ এবং কুষ্টিয়া বিভাগীয় ইউনিটে মামলা চলমান থাকায় ছাড়পত্র প্রাপ্ত ০২ টি পদ নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত করা হয়নি।

**নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১। ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র -কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**৪। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র , জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা যাবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা , অভিজ্ঞতা এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল শিক্ষা/প্রশিক্ষণের সনদ , সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। ভুল তথ্য / জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

গ) মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দা প্রমানের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন সনদের মূল কপি প্রদর্শন ও ফটোকপি দাখিল করতে হবে। কোটার প্রার্থীদেরকে কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

ঘ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিকস্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে অপসারণ বা বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

ঙ) বর্ণিত পদসমূহের নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫। বিবিধঃ

(ক) ডাক বিভাগের ওয়েবসাইট www.bdpost.gov.bd এবং www.post.khulnadiv.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(গ) এই নিয়োগ প্রক্রিয়ায় কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬। অনলাইন আবেদন পত্র প্রেরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pmgsck.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২০/০৬/২০২১ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৭/২০২১ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক (সম্ভব হলে রঙিন) প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ৬.০০ টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবেনা। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: **PMGSCK<space>User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **PMGSCK ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, Tk-56 (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGSCK<Space>Yes<Space>PIN & send to 16222.

দ্বিতীয় SMS: **PMGSCK<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **PMGSCK YES 12345678** & send to 16222

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for PMGSCK Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgsck.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে (সম্ভব হলে রঙিন) নিবেন। প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. আবেদনে উল্লিখিত নির্ধারিত মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন ; এছাড়া ওয়বসাইট হতেও User ID এবং Password পুনরুদ্ধার করা যাবে।

i. User ID জানা থাকলে PMGSCK<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: **PMGSCK Help ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: PMGSCK<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: **PMGSCK Help PIN 12345678** & send to 16222

জ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন । এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তপক্ষ দায়ী থাকেবেন না।

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd এবং pmgkln@yahoo.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: PMGSCK, Post name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৭। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। এই বিজ্ঞপ্তি ডাক বিভাগের নিজস্ব ওয়েবসাইট www.bdpost.gov.bd এবং www.post.khulnadiv.gov.bd এবং http://pmgsck.teletalk.com.bd এবং https://alljobs.teletalk.com.bd এ পাওয়া যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

20/6/2021

( মোঃ মিজানুর রহমান )
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
আর এম এস ই-বিভাগ,খুলনা
ও
সদস্য সচিব